

## জাবি শিক্ষার্থীদের অবস্থান ধর্মঘট ও ক্লাস বর্জন

আহাশীরনগর বিশ্ববিদ্যালয় সংবাদদাতা

গতকাল রবিবার সকালে বিভাগের সামনে তিন দফা দাবিতে আহাশীরনগর বিশ্ববিদ্যালয়ের পরিবেশ বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীরা অবস্থান ধর্মঘট কর্তৃপক্ষ পালন করেছে। এ সময় পরিবেশ বিজ্ঞান বিভাগের নিয়মিত ক্লাস পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। পরিবেশ বিজ্ঞান বিভাগে দীর্ঘদিন শ্রেণী কক্ষ সংকেত থাকায় শিক্ষার্থীরা আন্দোলন করে আনছে। এর প্রেক্ষিতে মহিলাকোষাধ্যাপকি এবং পাবলিক হেলথ বিভাগের সাথে শ্রেণী কক্ষ ভাগ্যভাগি করে ক্লাস চালিয়ে আসছিল এ বিভাগ। এতে উক্ত বিভাগসমূহের সাথে কয়েক বার অনাকাঙ্ক্ষিত ঘটনাও ঘটে। এরই প্রেক্ষিতে গত ১৩ জুন জীববিজ্ঞান অনুষদের একটি কক্ষ ব্যবহার করতে গেল অনুষদের কর্মচারী-প্রদর্শন্যমূল হক মিনুর সাথে পরিবেশ বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের বাক-বিতণ্ডা হয়ে ৬ একু পর্যায় শিক্ষকের উপস্থিতিতে শিক্ষার্থীরা মিনুরকে লক্ষিত করে বলে অভিযোগ করেন মিনু। এই ঘটনার বিচারের দাবিতে কর্মচারীরা আন্দোলনে নামলে ১৬ জুন বিশ্ববিদ্যালয় প্রশাসন পরিবেশ বিজ্ঞান বিভাগে ৪১তম ব্যাচের শিক্ষার্থী স্ত্রী এম হাসানকে সাময়িক জাবে রহিত্যর করে।

শিক্ষার্থীরা জানান, পরিবেশ বিজ্ঞান বিভাগ ১৩ বছরের পুরাতন একটি বিভাগ হলেও এখনো এর ভৌত অবকাঠামোগত কোনো উন্নয়ন হয়নি। বিভাগে বর্তমানে ৬টি ব্যাচ থাকলেও শ্রেণী কক্ষ রয়েছে মাত্র ২টি। বিশ্ববিদ্যালয়ের রেলিফার্স অবু বকরা সিনিক জানান, পরিবেশ বিজ্ঞান বিভাগের ঘটনায় গঠিত তদন্ত কমিটি কাজ করছে। শিক্ষার্থীদের অবস্থান সম্পর্কে তার জানা নেই বলে তিনি জানান।